

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৫৪৩

১৩/ সুনাহ

পরিচ্ছেদঃ একতা ও বিচ্ছিন্নতা

## আরবী

عَنْ عَمْرِو بْنِ شُعَيْبٍ عَنْ أَبِيهِ عَنْ جَدِّهِ قَالَ قَالَ النبي عَلَى اللهِ عَلَى أَهْلِكَتْ الْهُلِكَتْ الْأُمَمُ مِنْ قَبْلِكُمْ بِإِخْتِلَافِهِمْ عَلَى أَنْبِيَائِهِمْ وَضَرَبِهِمْ الْكُتُبَ بَعْضَهَا بِبَعْضِ إِنَّ الْقُرْآنَ لَمْ الْأُمَمُ مِنْ قَبْلِكُمْ بِإِخْتِلَافِهِمْ عَلَى أَنْبِيَائِهِمْ وَضَرَبِهِمْ الْكُتُبَ بَعْضَهَا بِبَعْضِ إِنَّ الْقُرْآنَ لَمْ يَنْزِلْ يُكَذِّبُ بَعْضُهُ بَعْضُهُ بَعْضَهُ بَعْضَهُ مَوْنَهُ فَاعْمَلُوا بِهِ وَمَا جَهِلْتُمْ مِنْهُ فَاعْمَلُوا بِهِ وَمَا جَهِلْتُمْ مِنْهُ فَرُدُّوهُ إِلَى عَالِمِهِ

## বাংলা

(১৫৪৩) আমর বিন শুআইব তিনি তাঁর পিতা থেকে তিনি তাঁর দাদা থেকে বর্ণনা করে বলেন, (একদা কুরআনী কোন বিষয় নিয়ে কিছু সাহাবাকে তর্ক করতে দেখে) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, থামো হে লোক সকল! নবীদের ব্যাপারে মতভেদ এবং কিতাবের একাংশকে অন্য অংশের সাথে সংঘর্ষ সৃষ্টি করে তোমাদের পূর্বের বহু জাতি ধ্বংস হয়েছে। কুরআন এভাবে অবতীর্ণ হয়নি যে, তার একাংশ অন্য অংশকে মিথ্যায়ন করবে। বরং তার একাংশ অন্য অংশকে সত্যায়ন করে। সুতরাং যা তোমরা বুঝতে পার, তার উপর আমল কর এবং যা বুঝতে পার না, তা তার জ্ঞানীর দিকে ফিরিয়ে দাও।

## ফুটনোট

(আহমাদ ৬৭০২, শারহুল আকীদাতিত ত্বাহাবিয়্যাহ ১/২১৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আমর ইবনু শু'আয়ব (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন